# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৭

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মানুষ সৎ আমলের মাধ্যমে স্রষ্টার যতোটা নিকটবর্তী হয়, আল্লাহর ক্ষমা অনুগত বান্দার প্রতি তারচেয়ে বেশি নিকটবর্তী হয়

## ذِكْرُ الْإِخْبَارِ بِأَنَّ مَغْفِرَةَ اللَّهِ جَلَّ وَعَلَا تَكُونُ أَقْرَبُ إِلَى الْمُطِيعِ مِنْ تَقَرُّبِهِ بِالطَّاعَةِ إِلَى الْبَارِي جَلَّ وَعَلَا

---

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُتَوَكِّلِ قَالَ: حَدَّثَنَا الْمُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ قَالَ: حَدَّثَنِي أَبِي قَالَ: أَنْبَأَنَا أَنَسُ بْنُ مَالِكٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (قَالَ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى: إِذَا تَقَرَّبَ عَبْدِي مِنِّي شِبْرًا تَقَرَّبْتُ مِنْهُ ذِرَاعًا وَإِذَا تَقَرَّبَ مِنِّي ذِرَاعًا تَقَرَّبْتُ مِنْهُ بَاعًا وَإِذَا أَتَانِي مَشْيًا أَتَيْتُهُ هَرْوَلَةً وَإِنْ هَرْوَلَ سَعَيْتُ إِلَيْهِ وَاللَّهُ أَوْسَعُ بالمغفرة.)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 377 | خلاصة حكم المحدث: صحيح ـ دون زيادة: ((وإن هرول ..... ))؛ فهي منكرة.

বাংলা

৩৭৭. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন, তিনি মহান আল্লাহ থেকে বর্ণনা করেছেন, মহান আল্লাহ বলেন: “যখন আমার বান্দা আমার দিকে এক বিঘত এগিয়ে আসবে, আমি তার দিকে এক হাত এগিয়ে আসবো, যখন আমার দিকে এক হাত এগিয়ে আসবে, আমি তার দিকে দুই হাত এগিয়ে আসবো, যখন আমার দিকে হেঁটে আসবে, আমি তার দিকে জোর কদমে এগিয়ে যাবো, যদি সে আমার দিকে জোর কদমে এগিয়ে আসে, আমি তার দিকে দৌঁড়ে এগিয়ে যাই। মহান আল্লাহ ব্যাপক ক্ষমাশীল।”[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৬৭৫; সহীহ আল বুখারী: ৭৫৩৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ ‘যদি সে আমার দিকে জোর কদমে এগিয়ে আসে...’ বর্দ্ধিত অংশ বাদে হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ৩৭৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88676

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন